

নতুন শিক্ষাবর্ষে গুচ্ছ বিশ্ববিদ্যালয় ভর্তিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ক্ষেত্রে জিপিএর ওপর থাকছে ২০ নম্বর। যা মাধ্যমিকের ফলের ওপর ১০ এবং উচ্চমাধ্যমিকের ফলের ওপর ১০ হিসেবে বিবেচিত হবে। গতকাল রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার প্রকৌশলী মো. ওহিদুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন।

advertisement 3

তিনি আরও বলেন, এ বছর আলাদাভাবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ হবে না। উন্নীর্ণ শিক্ষার্থীরা সরাসরি ওয়েবসাইটে গিয়ে তথ্যাদি দিয়ে নির্ধারিত নিয়মে আবেদন করবে। জিপিএ নম্বর রাখা না রাখা নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় উপাচার্য মো. ইমদাদুল হক বলেন, এটা যে কোনো বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সিদ্ধান্ত।

advertisement 4

উল্লেখ্য, ১৭ অক্টোবর থেকে শুরু হচ্ছে গুচ্ছ ভর্তির আবেদন যা চলবে ২৭ অক্টোবর পর্যন্ত। ইতোমধ্যে কেন্দ্রীয়ভাবে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে। এখন পর্যন্ত গুচ্ছভুক্ত ২২টি বিশ্ববিদ্যালয়ের মাঝে বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে জিপিএর ওপর নম্বর না রাখার সিদ্ধান্ত নিয়েছে।